দৈনিক ইত্তেফাক

তারিখ ... 30 JUL 1990 ...
পৃষ্ঠা ... 2 ... কলাম ... 9 ...

22

# প্রাথমিক শিক্ষা কর্মসূচী সফল করিতে সমন্বিত প্রচেষ্টা নিন

—এরশাদ

বাসস : প্রেসিডেন্ট এরশাদ প্রাথমিক শিক্ষার ব্যাপারে প্রথমবারের মত সাংবিধানিক বাধ্যবাধকতা পূরণ করিতে বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা কর্মসূচীকে সফল করিয়া তোলার জন্য সংশ্লিষ্ট সকলের সমন্বিত প্রচেষ্টার আহ্বান

(শেষ পৃ: ৪-এর ক: দ্র:)

## এরশাদ

( ১ম পৃ: পর )

জানাইয়াছেন।

গতরাতে বঙ্গভবনে এই কর্মসূচীর ব্যাপারে এক উপস্থাপনা সভায় সমাপনী মন্তব্যে তিনি বলেন, শিক্ষা মন্ত্রণালয়ের একার দায়িত্ব নয় বরং এই কর্মসূচী বাস্তবায়নের জন্য ন্যস্ত দায়িত্ব প্রত্যেকেরই পালন করা উচিত।

শিক্ষা মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত প্রধানমন্ত্রী কাজী জাফর আহমেদ উপস্থাপনাটি পেশ করেন। ভাইস-প্রেসিডেন্ট মওদুদ আহমেদ, মন্ত্রীবর্গ ও সচিববৃন্দ উপস্থিত ছিলেন।

প্রেসিডেন্ট বলেন, বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা কর্মসূচীকে সফল করিয়া তোলা একটা বিশাল কাজ। একটা সম্মিলিত সামাজিক আন্দোলনের মাধ্যমে ইহা বাস্তবায়িত হইবে বলিয়া তিনি আশাবাদ ব্যক্ত করেন।

তিনি বলেন, জনগণকে এই বিরাট কর্মসূচীতে অংশ নিতে উদ্বুদ্ধ করিতে হইবে।

ইতিপূর্বে উপস্থাপনাকালে প্রধানমন্ত্রী এই কর্মসূচীর বিশদ ব্যাখ্যা করেন। তিনি বলেন, কর্মসূচীটি বাস্তবায়নের জন্য প্রেসিডেন্টকে প্রধান উপদেষ্টা করিয়া ৪০ সদস্যের একটি জাতীয় শিক্ষা উপদেষ্টা পরিষদ ইতিমধ্যেই গঠিত হইয়াছে। তিনি বলেন, শিক্ষামন্ত্রীর নেতৃত্বে প্রাথমিক শিক্ষা উপদেষ্টা, কর্মকর্তা ও বিশেষজ্ঞদের নিয়া ১৫০ সদস্যের একটা পর্যবেক্ষণ কমিটি গঠন করা হইবে। কমিটির প্রত্যেক সদস্যকে তিনটি উপজেলার দায়িত্ব দেওয়া হইবে। তিনি বলেন যে, ওয়ার্ড, উপজেলা ও জেলা পর্যায়ে সমন্বয় ও বাস্তবায়ন কমিটি গঠন করা হইবে।